৭৭

তারিখ 25 JUN 1994
পৃষ্ঠা ১ কলাম ৭

দৈনিক ইনকিলাব

# শিক্ষা জাতীয় উন্নয়নের পূর্বশর্ত

..................................... স্বরাষ্ট্রমন্ত্রী

স্বরাষ্ট্রমন্ত্রী আবদুল মতিন চৌধুরী বলেছেন, শিক্ষা জাতীয় উন্নয়নের পূর্বশর্ত এবং শিক্ষা ছাড়া কোন জাতি সমৃদ্ধি অর্জন করতে পারে না।

তিনি গতকাল রাজগঞ্জ থানার কাঞ্চনে সলিমউদ্দিন চৌধুরী কলেজের ভিত্তিপ্রস্তর স্থাপন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে বক্তৃতা করছিলেন।

অধ্যাপক রেজাউল করিম এমপি, আতাউর রহমান খান এমপি, বেগম শামছুন্নাহার খাজা আহসানউল্লাহ এমপি, এডভোকেট আবুল কালাম এমপি ও দৈনিক শক্তি সম্পাদক জয়নাল আবেদিনও অনুষ্ঠানে বক্তৃতা করেন।

স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, সরকার জাতীয় বাজেটে শিক্ষা খাতে সর্বোচ্চ অর্থ বরাদ্দ করেছে।

শেষ পৃঃ ৩-এর কঃ দেখুন

## স্বরাষ্ট্রমন্ত্রী

প্রথম পৃষ্ঠার পর

নিরক্ষরতা দূরীকরণের লক্ষ্যে প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক করা হয়েছে। পল্লী এলাকায় ১০ম শ্রেণী পর্যন্ত ছাত্রীদের জন্য অবৈতনিক শিক্ষার ব্যবস্থা করা হয়েছে। এছাড়াও ছাত্রীদের জন্য বৃত্তির ব্যবস্থা করা হয়েছে। গরীব বাবা-মায়ের সন্তানদের জন্য 'শিক্ষার বিনিময়ে খাদ্য' কর্মসূচী চালু করা হয়েছে। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, বর্তমান সরকার ক্ষমতায় আসার পূর্বে দেশের উন্নয়ন প্রকল্পে নিজস্ব কোন অর্থ বরাদ্দ ছিল না। কিন্তু গত অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচীর ৩৫ শতাংশেরও বেশী অর্থ দেশের নিজস্ব সম্পদ থেকে যোগান দেয়া হয়েছে। এ বছর এ পরিমাণ ৩৮ শতাংশে পৌঁছবে। তথ্য বিবরণী।